

বর্ডার গার্ড বাংলাদেশ
প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ১৩ ফেব্রুয়ারি ২০১৯

বিএসএফ এর মেডিকেল প্রতিনিধিদলের বাংলাদেশ সফর

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর হাসপাতাল ও চিকিৎসা ব্যবস্থাপনা দেখার জন্য ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) এর একটি মেডিকেল প্রতিনিধিদল বাংলাদেশে ৪ দিনের সফরে ঢাকা এসে পৌঁছেছে। বিএসএফ সদর দপ্তরের ইন্সপেক্টর জেনারেল (মেডিকেল সার্ভিসেস) ড. তপন বিশ্বাস এর নেতৃত্বে ৫ সদস্যের প্রতিনিধিদলে রয়েছেন বিএসএফ এর ১জন ডেপুটি ইন্সপেক্টর জেনারেল (মেডিকেল সার্ভিসেস) ও ৩ জন কমান্ডান্ট (মেডিকেল সার্ভিসেস)। প্রতিনিধিদলটি গতকাল (১২ ফেব্রুয়ারি ২০১৯) বিকেলে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে এসে পৌঁছালে বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকা এর অধিনায়ক কর্নেল নজরুল ইসলাম খান, পিবিজিএমএস, এমপিএইচ তাঁদের স্বাগত জানান।

প্রতিনিধিদল আজ (১৩ ফেব্রুয়ারি ২০১৯) সকালে পিলখানাস্থ বিজিবি সদর দপ্তরে বিজিবি'র ভারপ্রাপ্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এ এফ এম জাহাঙ্গীর আলম, এনডিসি, পিএসসি এর সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হয়। এ সময় বিজিবি'র অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা) ব্রিগেডিয়ার জেনারেল এ কিউ এম শামছুল হক, এসজিপি, এমসিপিএস, এমপিএইচ, এমফিল, এমএইচআই এবং অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন ও প্রশিক্ষণ) ব্রিগেডিয়ার জেনারেল খান্দকার ফরিদ হাসান, পিবিজিএম (বার), এনডিসি উপস্থিত ছিলেন। এরপর প্রতিনিধিদল পিলখানাস্থ বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় গমন করলে হাসপাতালের অধিনায়ক প্রতিনিধিদলের সদস্যদের হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড ঘুরিয়ে দেখান। বিএসএফ মেডিকেল প্রতিনিধিদলের সদস্যগণ বিজিবি'র সর্বাধুনিক হাসপাতাল ও চিকিৎসা ব্যবস্থাপনার ভূয়সী প্রশংসা করেন। প্রতিনিধিদলটি আগামীকাল (১৪ ফেব্রুয়ারি ২০১৯) বর্ডার গার্ড হাসপাতাল, ঠাকুরগাঁও গমন করবে। বাংলাদেশ সফর শেষে প্রতিনিধিদল আগামী ১৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে স্বদেশে প্রত্যাবর্তন করবে।

বিজিবি ও বিএসএফ এর মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সুসম্পর্ককে আরও সদৃঢ় করার অংশ হিসেবে বিজিবি ও বিএসএফ মেডিকেল প্রতিনিধিদলের মধ্যে এ ধরনের সফরের আয়োজন করা হয়। উল্লেখ্য, ইতিপূর্বে গত ০৮-১১ জানুয়ারি ২০১৯ তারিখ বিজিবি'র ০৪ সদস্য বিশিষ্ট উচ্চ পর্যায়ের একটি মেডিকেল প্রতিনিধিদল ভারতে বিএসএফ এর হাসপাতাল ও চিকিৎসা ব্যবস্থাপনা পরিদর্শন করেছিল। বিজিবি ও বিএসএফ এর মধ্যে বিভিন্ন ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির ধারাবাহিকতায় বিএসএফ মেডিকেল প্রতিনিধিদলের এই সফর উভয় বাহিনীর চিকিৎসা ক্ষেত্রে প্রভূত উন্নয়নে সহায়ক ভূমিকা রাখবে বলে আশা করা যাচ্ছে।